তারিখ ..03.JAN.2016......
পৃষ্ঠা ...৫... কলাম.... ২......

# নোয়াখালীতে ৩১১টি প্রাথমিক স্কুলে প্রধান শিক্ষক নেই

■ নোয়াখালী সংবাদদাতা

নোয়াখালী জেলার ৯টি উপজেলায় ৩১১টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই। এ ছাড়া ৭১২ জন সহকারী শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। এতে জেলায় প্রাথমিক শিক্ষা কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে। যথাযথ শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে কোমলমতি শিক্ষার্থীরা।

জেলার সদর উপজেলায় ৩৪ প্রধান শিক্ষক, ৭৭ সহকারী শিক্ষক, বেগমগঞ্জ উপজেলায় ৪৮ প্রধান শিক্ষক ৭৭ সহকারী শিক্ষক, চাটখিলে ৩৯ প্রধান শিক্ষক ৭১ সহকারী শিক্ষক, সেনবাগে ৩৯ প্রধান শিক্ষক ১০২ সহকারী শিক্ষক, কোম্পানীগঞ্জে ২৭ প্রধান শিক্ষক ৫৮ জন সহকারী শিক্ষক, হাতিয়ায় ৪৪ প্রধান শিক্ষক ১০৫ সহকারী শিক্ষক, সুবর্ণচরে ১৯ প্রধান শিক্ষক ৫৪ সহকারী শিক্ষক, সোনাইমুড়ীতে ৩৭ প্রধান শিক্ষক ৮৫ সহকারী শিক্ষক ও কবিরহাট উপজেলায় ২৪ প্রধান শিক্ষক, ৮৩ জন সহকারী শিক্ষকের পদ শূন্য রয়েছে।

চাটখিল, সোনাইমুড়ী ও সদর উপজেলার একাধিক ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক বলেন, দাপ্তরিক কাজ সেরে শ্রেণীকক্ষে পাঠদান করা এবং অফিসের কাজে উপজেলা শিক্ষা অফিসে আসা-যাওয়া করা কষ্টকর হয়ে দাঁড়ায়। তাই জরুরি ভিত্তিতে প্রধান ও সহকারী শিক্ষকের শূন্য পদ পূরণ করা প্রয়োজন। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আনোয়ার হোসেন ছিদ্দিকী ৩১১ প্রধান শিক্ষক ও ৭১২ জন সহকারী শিক্ষকের পদ শূন্য থাকার বিষয়টি স্বীকার করে বলেন, নিয়োগ পরীক্ষার মাধ্যমে শিগগিরই এসব শূন্য পদ পূরণ করা হবে।